

## প্রেস বিজ্ঞপ্তি


ড. কামাল চৌধুরী ইউনেস্কোর নির্বাহী বোর্ডের কনভেনশন এন্ড রেকমেন্ডেশন কমিটির চেয়ারম্যান নির্বাচিত

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী ইউনেস্কোর নির্বাহী বোর্ডের কনভেনশন এন্ড রেকমেন্ডেশন কমিটির চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। আজ ৭ এপ্রিল ইউনেস্কো সদর দপ্তর প্যারিসে অনুষ্ঠিত নির্বাহী বোর্ডের ১৯৯তম সভায় এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের পক্ষ থেকে সর্বসম্মতিক্রমে তাঁকে এ কমিটির চেয়ারম্যান নির্বাচিত করা হয়।

কনভেনশন এন্ড রেকমেন্ডেশন কমিটি ইউনেস্কোর ৫টি স্থায়ী সাবসিডিয়ারি কমিটির মধ্যে অন্যতম। গুরুত্বপূর্ণ এ কমিটির সদস্য সংখ্যা ৩০। উক্ত কমিটি বছরে দুইবার মিলিত হয়। এ কমিটির কার্যপরিধির মধ্যে রয়েছে শিক্ষা-সংস্কৃতি-বিজ্ঞান বিষয়ক ইউনেস্কোর বিভিন্ন সনদ ও সুপারিশ বাস্তবায়নের বিষয়ে সদস্যরাষ্ট্রের প্রতিবেদন এবং মানবাধিকার পরিস্থিতি পর্যালোচনা ও মূল্যায়ন। এছাড়া শিক্ষকদের মর্যাদার বিষয়ে ইউনেস্কোর সুপারিশসমূহ বাস্তবায়ন সম্পর্কে আইএলও- ইউনেস্কোর যৌথ কমিটির প্রতিবেদন এবং বছরে একবার শিক্ষার অধিকার সম্পর্কিত প্রতিবেদন পর্যালোচনাও এ কমিটির কাজ।

ড. কামাল আবদুল নাসের চৌধুরী বর্তমানে ২০১৩-২০১৭ মেয়াদের জন্য ইউনেস্কো নির্বাহী বোর্ডে বাংলাদেশের প্রতিনিধিত্ব করছেন। তিনি ২০১৩-২০১৫ মেয়াদে এ বোর্ডের ভাইস-চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেন।

ইউনেস্কোর নির্বাহী বোর্ডের ১৯৯তম সভা ৪ এপ্রিল শুরু হয়েছে। এ সভায় ড. চৌধুরী আট সদস্যবিশিষ্ট বাংলাদেশের প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন। প্রতিনিধি দলে অন্যান্যের মধ্যে রয়েছেন শিক্ষাসচিব মোঃ সোহরাব হোসাইন, প্যারিসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এম শহিদুল ইসলাম এবং বাংলাদেশ-ইউনেস্কোর জাতীয় কমিশনের সচিব মোঃ মনজুর হোসেন।



মোঃ তৌহিদুল ইসলাম

সিনিয়র তথ্য অফিসার

জনপ্রশাসন মন্ত্রণালয়

মোবা: ০১৭১৮-৫৪৩৬২৫